

Promoting Diaspora Investment and Optimal Usage of Remittance

প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি

সংক্ষিপ্ত পরিচিতি

প্রকল্পের নাম:

Promoting Diaspora Investment and Optimal Usage of Remittance

উদ্যোগী মন্ত্রণালয়:

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

বাস্তবায়নকারী সংস্থা:

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

বাস্তবায়নকাল:

০১ ফেব্রুয়ারি, ২০২১---৩০ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।

প্রাক্কলিত ব্যয়:

৯ কোটি ৪০ লক্ষ টাকা

অর্থায়নের উৎস:

IFAD--- ৯ কোটি ২৪ লক্ষ টাকা, অনুদান (Grant)

GOB--- ১৬ লক্ষ ১৩ হাজার টাকা।

পটভূমি ও উদ্দেশ্য


- বিদেশে কর্মরত বাংলাদেশি নাগরিকের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় তাদের প্রেরিত রেমিটেন্সের পরিমাণও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। এই রেমিটেন্স প্রবাহ দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করছে। প্রেরিত রেমিটেন্সের সিংহভাগ ব্যয় হচ্ছে রিয়েল এস্টেট এবং বিলাস সামগ্রী ক্রয়ে। এর ফলে একদিকে যেমন গ্রামের কৃষি জমির পরিমাণ হ্রাস পাচ্ছে অন্যদিকে শহরে ফ্ল্যাট, প্লট ইত্যাদিতে বিনিয়োগের ফলে মধ্যবিত্তের সঞ্চিত অর্থ অনুৎপাদনশীল খাতে বেশি ব্যয় হচ্ছে।
- বিদেশ থেকে প্রেরিত রেমিটেন্স শিল্প বা অন্যান্য উৎপাদনশীল খাতে ব্যয় করা হলে তা কর্মসংস্থান সৃষ্টি এবং দেশের অর্থনীতিকে মজবুত ভিত্তির উপর দাড়া করাতে পারে।

- অভিবাসী কর্মীর পরিবারের রেমিটেন্স নির্ভরশীলতা কমানো।
- অভিবাসী কর্মীর পরিবারের সদস্যদের মাঝারি ও ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে তৈরী করার মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা এবং আয়ের সুযোগ সৃষ্টি;
উপরিল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশি ডায়াসপোরাকে নিজ দেশে বিনিয়োগে আগ্রহ বৃদ্ধি এবং প্রেরিত রেমিটেন্সের সর্বোত্তম ও যথাযথ ব্যবহার নিশ্চিত করতে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

মূল কার্যক্রম

- বাংলাদেশি ডায়াসপোরাকে নিজ দেশে, নিজের গ্রামে বসবাসকারী আত্মীয়-স্বজনদের কল্যাণে অবদান রাখতে উৎসাহিত করা;
- প্রবাসী কর্মীর পরিবারের সদস্যদের জীবনমান উন্নয়ন;
- ক্ষুদ্র বিনিয়োগে অংশগ্রহণের লক্ষ্যে একটি প্ল্যাটফর্ম তৈরি করা;
- অভিবাসী কর্মীদের জন্য নতুন বাজারের অনুসন্ধান প্রক্রিয়া (The process of developing new market) তৈরি করা;
- প্রশিক্ষক, মেন্টর/সুপাভাইজার ও কোর্স কো-অর্ডিনেটরকে বিদেশে TOT মডেলে প্রশিক্ষণ প্রদান করা যারা পরবর্তীতে অভিবাসী কর্মীদের পরিবারকে স্থানীয়ভাবে প্রশিক্ষণ প্রদান করবেন;
- বিদেশ থেকে প্রেরিত রেমিটেন্সের সর্বোত্তম ও যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে Research Based Model তৈরী করা।

Diaspora Project Outcome Mapping



ধন্যবাদ